

💵 বিদ'আত পরিচিতির মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ বিদ'আত নির্ধারণে মানুষের মতপার্থক্য রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

বিদ'আত নির্ধারণে মানুষের মতপার্থক্য

বিদ'আত নির্ধারণে মানুষ সাধারণতঃ তিনটি শ্রেণিতে বিভক্ত:

এক: দলীল পাওয়া যায় না এমন প্রতিটি বিষয়কে এক শ্রেণির মানুষ বিদ'আত হিসেবে চিহ্নিত করছে এবং এক্ষেত্রে তারা বিশেষ বাছ-বিচার না করেই সব কিছুকে (এমন কি মু'আমালার বিষয়কেও) বিদ'আত বলে অভিহিত করছে। এদের কাছে বিদ'আতের সীমানা বহুদূর বিস্তৃত।

দুই: যারা দীনের মধ্যে নব উদ্ভাবিত সকল বিষয়কে বিদ'আত বলতে রাজী নয়; বরং বড় বড় নতুন কয়েকটিকে বিদ'আত বলে বাকী সবকিছু শরী'আতভুক্ত বলে তারা মনে করে। এদের কাছে বিদ'আতের সীমানা খুবই ক্ষুদ্র। তিন: যারা যাচাই-বাছাই করে শুধুমাত্র প্রকৃত বিদ'আতকেই বিদ'আত বলে অভিহিত করে থাকেন। এরা মধ্যম পন্থাবলম্বী এবং হকপন্থী।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9905

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন